দৈনিক আমাদের সময়

তারিখ 06 MAR 2018 পৃষ্ঠা ১ কলাম ৪

# শিশুছাত্রকে পিটিয়ে হত্যা করলেন মাদ্রাসাশিক্ষক

জাহিদুল ইসলাম খান, ভালুকা ● ময়মনসিংহের ভালুকা উপজেলার জামিরদিয়া মাদ্রাসায়ে ওমর (রা.) এর হাফিজিয়া অ্যান্ড ইসলামি কিন্ডারগার্টেনের হেফজ শ্রেণির ছাত্র তাওহিদুল ইসলামকে (১০) ওই মাদ্রাসার এক শিক্ষক পিটিয়ে হত্যা করেছেন। গত ২৩ ফেব্রুয়ারি পড়া না পারার এরপর পৃষ্ঠা ১১, কলাম ৭

## শিশুছাত্রকে পিটিয়ে হত্যা করলেন

(প্রথম পৃষ্ঠার পর) অজুহাতে শিশুটিকে লাঠি দিয়ে বেদম পেটানো হয়। গত রবিবার মধ্য রাতে ঢাকার বক্ষব্যাধি হাসপাতালে শিশুটি মারা যায়। এ ঘটনায় পুলিশ গতকাল সোমবার ওই মাদ্রাসার প্রধান শিক্ষক এনামুল হককে আটক করেছে। আর শিশুটিকে মারধরকারী হাফেজ আমিনুল ইসলাম পলাতক রয়েছেন।

পরিবার ও থানা সূত্রে জানা যায়, ময়মনসিংহের ভালুকা উপজেলার ডাকাতিয়া ইউনিয়নের পাঁচগাঁও গ্রামের হতদরিদ্র ভাড়ায়চালিত হোন্ডাচালক কয়েস মিয়ার ছেলে তাওহিদুল ইসলাম।

তাওহিদুলের মা হাসনাহেনা জানান, প্রায় চার বছর আগে ছেলেকে ওই মাদ্রাসায় ভর্তি করেন। সে ১৮ পারা পর্যন্ত কোরআন মুখস্থ করেছিল। এই ছেলের লাশ মাদ্রাসা থেকে বাড়িতে আসবে কখনো ভাবেননি তিনি।

গতকাল সোমবার ওই মাদ্রাসায় গিয়ে দেখা যায়, ছোট ছোট ছেলেরা মাদ্রাসার ভেতরে-বাইরে দৌড়াদৌড়ি করছে। মাদ্রাসায় কোনো শিক্ষককে পাওয়া যায়নি। কয়েকজন অভিভাবক তাদের শিশুদের নিয়ে যাচ্ছেন। তাওহিদুলের সহপাঠি নূর আলম ও মিনহাজসহ কয়েকজন জানায়, গত ২৩ ফেব্রুয়ারি রাতে পড়া না পারার কারণে ওই হুজুর মোটা লাঠি দিয়ে তাওহিদুলকে মেরেছিলেন।

এ ব্যাপারে ওই মাদ্রাসা পরিচালনা পর্ষদের সভাপতি আ. হামিদ জানান, বিষয়টি তিনি আগে জানতেন না, সোমবার সকালে জানতে পেরেছেন।

এ ব্যাপারে ভালুকা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মামুন অর রশীদ জানান, লাশ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে মর্গে। পাশাপাশি মামলার প্রস্তুতি চলছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং............
তারিখ............
টিম. পরিসংখ্যান বিভাগ
টিম. ডি.এল.পি বিভাগ
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিষ্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগত্যর্থে
স্বাক্ষর